



বিএনপি উদ্যোগ নিলে জাতীয় সংলাপে অংশ নেবে জামায়াত: হামিদুর আযাদ



সংগৃহীত ছবি

দেশের চলমান রাজনৈতিক সংকট সমাধানে সংলাপই হতে পারে একমাত্র পথ বলে মন্তব্য করেছেন জামায়াতে ইসলামী বাংলাদেশের সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আযাদ। তিনি বলেন, বিএনপি আলোচনার উদ্যোগ নিলে জামায়াত সেই সংলাপে অংশ নিতে প্রস্তুত।

আজ সোমবার (১০ নভেম্বর) বিকেলে পুরানা পল্টনে ইসলামী দলগুলোর যৌথ বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি বলেন, “জাতির ভবিষ্যৎ নিয়ে বিএনপির সঙ্গে আলোচনার দরজা খোলা। পারস্পরিক আলোচনার মাধ্যমেই সংকটের শান্তিপূর্ণ সমাধান সম্ভব।”

হামিদুর আযাদ জানান, মঙ্গলবারের জামায়াতের সমাবেশ থেকে জনগণ ও সরকার— উভয়ের উদ্দেশে গুরুত্বপূর্ণ বার্তা দেওয়া হবে। তিনি সতর্ক করে বলেন, দাবি আদায় না হলে রাজধানী থেকে সারাদেশে গণআন্দোলন গড়ে তোলা হবে।

তিনি আরও জানান, ঢপুর ২টা থেকে বিকেল ৪টা পর্যন্ত চলবে ওই সমাবেশ। জনদুর্ভোগ কমাতে সময়সীমা সীমিত রাখা হয়েছে। হামিদুর আযাদ আশা প্রকাশ করেন, “আগামীকাল লাখো মানুষ আমাদের কর্মসূচিতে অংশ নিয়ে দেখিয়ে দেবে— দেশের মানুষ পরিবর্তনের পক্ষে।”